তৃতীয় অধ্যায়
ছুটি

৩.১ ছুটির সাধারণ শর্তাবলী ঃ

(ক) **ছুটি ঃ** অনুমোদিত অনুপস্থিত কালকে ছুটি বলে।

(খ) **ছুটি অর্জন ঃ** কার্য সম্পাদনের বিনিময়ে একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ছুটি অর্জন করেন।

(গ) **আপীল পূনর্বহালের ক্ষেত্রে পূর্ব চাকুরী গণনা ঃ** একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী পদচ্যুত বা চাকুরী হইতে অপসারিত হওয়ার পর যদি আপীলের ভিত্তিতে চাকুরীতে পুনর্বহাল হয় তবে তাহার পূর্ব চাকুরী ছুটি গণনা করার জন্য চাকুরী হিসাবে গণ্য করা হইবে।

(ঘ) **ছুটির দাবী ঃ** যে কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এই নীতিমালায় বিধৃত ছুটি ভোগ করিতে পারিবেন, তবে অধিকার হিসাবে কোন ছুটি দাবী করা যাইবে না এবং ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ জরুরী প্রয়োজনে ইচ্ছা করিলে যে কোন প্রকারের ছুটির আবেদন নামঞ্জুর করিতে বা মঞ্জুরকৃত যে কোন প্রকারের ছুটি বাতিল করিতে পারিবেন। তবে প্রার্থিত ছুটির প্রকৃতি পরিবর্তন করা যাইবে না।

(ঙ) **ছুটি আরম্ভ এবং শেষ ঃ** নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্যান্য ছুটির ক্ষেত্রে কর্তৃপক্ষের ছুটি অনুমোদন পত্রে উল্লেখিত তারিখ হইতে ছুটি আরম্ভ হইবে এবং দায়িত্ব গ্রহণের পূর্ব দিনে ছুটি শেষ হইবে।

(চ) **ছুটিকালে চাকুরী গ্রহণ ঃ** কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ছুটির সময়ে অন্য কোন চাকুরী গ্রহণ করিতে পারিবেন না।

(ছ) **ছুটি হইতে ফেরত আসা ঃ** যেই শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে চিকিৎসকের সনদপত্রের ভিত্তিতে ছুটি মঞ্জুর করা হইয়াছে, সেই শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে শারীরিক সুস্থতা সম্পর্কিত সংশ্লিষ্ট চিকিৎসকের সনদপত্র প্রদান করা সাপেক্ষে কাজে যোগদানের অনুমতি প্রদান করা যাইবে।

(জ) **অনুমোদিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বে কর্মে যোগদান ঃ** ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ছুটি ভোগরত একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী তাঁহার ছুটি শেষ হওয়ার পূর্বে কাজে যোগদান করিতে পারিবেন।

(ঝ) **ছুটি বিলম্বিতকরণ ঃ** কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ছুটি শেষ হওয়ার পরও কাজে অনুপস্থিত থাকিলে অনুপস্থিতকালের জন্য কোন বেতন পাইবেন না এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অন্যরূপ কোন সিদ্ধান্ত না থাকিলে ইহা বিনা বেতনে ছুটি হিসাবে গণ্য হইবে। এই সময়কে পেনশন এবং ইনক্রিমেন্টের জন্য চাকুরী হিসাবে গণনা করা যাইবে না।

(ঞ) **ছুটির হিসাব ঃ** শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ছুটির হিসাব রেজিস্ট্রার দপ্তর কর্তৃক সংরক্ষিত হইবে।

(ট) **ডাক্তারী সনদপত্র ঃ** কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীতে যোগদানের যোগ্য হওয়ার সম্ভাবনা না থাকিলে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তা তাঁহার ছুটি মঞ্জুরীর জন্য সুপারিশ করিবেন না। এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী স্থায়ীভাবে চাকুরীর অযোগ্য, এই মর্মে তাঁহার মতামত ডাক্তারী সনদপত্রে লিপিবদ্ধ করিতে হইবে।

(ঠ) **দ্বিতীয়বার ডাক্তারী পরীক্ষা ঃ** ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ ছুটির আবেদনকারীকে ডাক্তারী পরীক্ষার জন্য চিকিৎসা কর্তৃপক্ষকে অনুরোধ করিয়া দ্বিতীয়বার ডাক্তারী মতামত গ্রহণ করিতে পারেন। এইরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হইলে প্রথম চিকিৎসকের মতামত প্রাপ্তির পর যথাশীঘ্র সম্ভব দ্বিতীয়বার ডাক্তারী পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে।

(ড) **চাকুরীচ্যুত / চাকুরী হইতে অপসারণযোগ্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ছুটি ঃ** অসদাচরণ অথবা অযোগ্যতার কারণে একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর বরখাস্ত অথবা চাকুরী হইতে অপসারিত হইবার সম্ভাবনা থাকিলে তাহাকে কোন ছুটি মঞ্জুর করা যাইবে না।

(ঢ) **ছুটি ভোগের পর কাজে যোগদান ঃ** একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্যান্য যে কোন ছুটি হইতে ফেরত আসিবার পর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার অফিসে যোগদানপত্র দাখিল করিবেন।

(ণ) **অবেক্ষকালের ছুটি ঃ** স্থায়ীভাবে নিয়োজিত থাকিলে বিধি মোতাবেক কেহ যে পরিমাণ ছুটি প্রাপ্য হইতেন সেই পরিমাণ ছুটি তাঁহার হিসাবে জমা হইবে। সেইক্ষেত্রে সংশ্লিষ্ট ছুটি বিধির আওতায় প্রাপ্যতা সাপেক্ষে অবেক্ষাধীনকে ছুটি মঞ্জুর করা যাইবে। যদি কোন কারণে একজন অবেক্ষাধীনকে বরখাস্ত করার প্রস্তাব করা হয়, সেই ক্ষেত্রে মঞ্জুরীকৃত অথবা বর্ধিত অবেক্ষ সময়ের পরে ছুটি মঞ্জুর করা যাইবে না।

(ত) **ছুটির শুরু বা শেষে বিশ্ববিদ্যালয় / সরকারী ছুটি থাকার ক্ষেত্রে কর্মস্থল ত্যাগ / কর্মস্থলে প্রত্যাবর্তন ঃ** কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ছুটি আরম্ভ হওয়ার পূর্বে অথবা ছুটি বা যোগদানকাল শেষ হওয়ার ঠিক পরে যদি বিশ্ববিদ্যালয় / সরকারী ছুটির দিন থাকে, সেই ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় / সরকারী ছুটি আরম্ভ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ করিতে পারেন অথবা বিশ্ববিদ্যালয় / সরকারী ছুটি শেষ হওয়ার পরের দিন কর্মস্থলে যোগদান করিতে পারিবেন।

ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ অন্যরূপ আদেশ প্রদান না করিলে-

(i) যদি ছুটির পূর্বে ঘোষিত ছুটি সংযুক্ত করা হয় (prefix), সেই ক্ষেত্রে ঘোষিত ছুটি শেষ হওয়ার পরের দিন হইতে ছুটি কার্যকর হইবে ;

(ii) যদি ছুটির পর অথবা যোগদানকালের পরে ঘোষিত ছুটি সংযুক্ত করা হয় (suffix), সেই ক্ষেত্রে ঘোষিত ছুটি শেষ হওয়ার পর ছুটি বা যোগদানকাল শেষ হইয়াছে বলিয়া গণ্য করিতে হইবে।

(থ) **বিনিময় ছুটি ঃ** ছুটির দিনে কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে দায়িত্ব পালনে বাধ্য করা হইলে কর্তৃপক্ষ পরবর্তী সুবিধাজনক সময়ে তাঁহাকে বিনিময় ছুটি মঞ্জুর করিতে পারেন এবং এই ছুটি ছুটির হিসাবে সমন্বয় হইবে না।

৩.২ যে সকল ছুটি ছুটির হিসাবে সমন্বয় (ছুটি অর্জন বা বাদ) হয় না ঃ

(ক) বিদেশে ছুটি ভোগরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ছুটি শেষ হওয়ার পূর্বে বাধ্যতামূলকভাবে ডাকিয়া পাঠাইলে বাংলাদেশে ফেরত আসার পথে যাত্রাকাল ;

(খ) অক্ষমতাজনিত বিশেষ ছুটি ;

(গ) উচ্চ শিক্ষাজনিত ছুটি ;

(ঘ) বিনা বেতনে ছুটি ;

(ঙ) প্রসূতি ছুটি ;

(চ) বাংলাদেশের বাহিরে চাকুরীরত অবস্থায় ভোগকৃত ছুটি, যখন ছুটি কালিন বেতন ও ভাতাদি প্রদান করা হয় না ;

৩.৩ কর্তব্যরত ছুটি (Duty Leave) ঃ

(ক) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কর্তব্যরত ছুটি ভোগের জন্য যোগ্য হইবেন ঃ

(i) অন্যান্য বিশ্ববিদ্যালয় অথবা বোর্ড অথবা কোন ইনস্টিটিউশন অথবা সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত সভায় উপস্থিত থাকিবার জন্য এক পঞ্জিকা বৎসরে সর্বোচ্চ ২০ (বিশ) দিন কর্তব্যরত ছুটি মঞ্জুর করা যাইবে। এক সাথে ১০ (দশ) দিনের বেশি কর্তব্যরত ছুটি মঞ্জুর করা যাইবে না।

(ii) বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে আদালত কর্তৃক আদালতে জুরি অথবা রাষ্ট্রীয় সাক্ষী হিসাবে উপস্থিত থাকিবার জন্য জারিকৃত তলবনামা প্রাপ্তির কারণে ছুটি প্রয়োজন হইলে ছুটি মঞ্জুর করা যাইবে।

(iii) সরকার কর্তৃক অথবা সরকারী সংস্থা কর্তৃক অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির নির্বাচিত সদস্য হিসাবে সভায় উপস্থিত থাকিবার জন্য ছুটির প্রয়োজন হইলে।

(iv) কোন সংস্থায়, সমিতিতে, সেমিনারে অথবা বিশ্ববিদ্যালয় অথবা সরকারের পক্ষে প্রতিনিধিত্ব করিবার জন্য অথবা বিশ্ববিদ্যিালয়ের কোন কাজে বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব হইতে অনুপস্থিত থাকিবার প্রয়োজনে।

(v) শিক্ষা মন্ত্রনালয়ের অথবা কোন বিশ্ববিদ্যালয়ের অথবা খ্যাতি সম্পন্ন সমিতির (অরাজনৈতিক) আমন্ত্রণক্রমে বক্তৃতা দেওয়ার জন্য তথায় উপস্থিত থাকিবার প্রয়োজনে। এই ক্ষেত্রে এক পঞ্জিকা বৎসরে ১০ (দশ) দিনের অধিক এই ছুটি মঞ্জুর করা যাইবে না।

(vi) বিএনসিসি প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে মনোনীত করা হইলে যতদিন প্রশিক্ষণ ক্যাম্পে হাজির থাকিবার প্রয়োজন পড়িবে ততদিনের জন্য কর্তব্যরত ছুটি মঞ্জুর করা যাইবে।

(vii) জাতীয় স্বার্থে সরকার বা আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গঠিত কোন বিশেষজ্ঞ কমিটির সদস্য হিসাবে দেশের ভিতরে দায়িত্ব পালনের জন্য বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক / কর্মকর্তা ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত কর্তব্যরত ছুটি ভোগের সুযোগ পাইবেন। তবে, সিন্ডিকেটকে অবহিতকরণ সাপেক্ষে ৯০ (নব্বই) দিন পর্যন্ত কর্তব্যরত ছুটি ভোগ করা যাইবে।

(খ) সাধারণভাবে কর্তব্যরত ছুটি মঞ্জুরীর ফলে বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রশ্ন জড়িত থাকিলে কোন কর্তব্যরত ছুটি মঞ্জুর করা যাইবে না। ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তব্যরত ছুটি মঞ্জুর করিবেন এবং বাংলাদেশের বাহিরে কোন শিক্ষককে এক পঞ্জিকা বৎসরে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের বেশী কর্তব্যরত ছুটি মঞ্জুর করা যাইবে না।

(গ) বিশ্ববিদ্যালয় / জাতীয় স্বার্থে ধারাবাহিকভাবে কর্তব্যরত ছুটির অনুপস্থিতকাল যদি ৯০ (নব্বই) দিনের অধিক হয়, তবে সংশ্লিষ্ট শিক্ষককে উক্ত প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োজিত মর্মে বিবেচনা করিতে হইবে এবং তাঁহার বেতন ও ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান / সরকার কর্তৃক পরিশোধ করা হইবে বলিয়া নির্দেশনা থাকিতে হইবে।

(ঘ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে স্বল্প মেয়াদী কোর্সে প্রশিক্ষণের জন্য কর্তব্যরত ছুটি প্রদান করিতে পারিবে। সাধারণভাবে স্বল্পমেয়াদী কোর্সের মেয়াদ সর্বোচ্চ ০৪ (চার) সপ্তাহ হইবে, তবে কর্তৃপক্ষ বিশেষ বিবেচনায় ০৬ (ছয়) সপ্তাহ পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

(ঙ) কর্তব্যরত ছুটির মঞ্জুরী সাধারণ ছুটির বিধি বহির্ভুত স্বতন্ত্রভাবে নিয়ন্ত্রিত হইবে এবং অন্যান্য ছুটির সহিত কর্তব্যরত ছুটি সংযুক্ত করা যাইবে।

৩.৪ নৈমিত্তিক ছুটি (Casual Leave) ঃ

নৈমিত্তিক ছুটি চাকুরী সংবিধিমালা স্বীকৃত ছুটি নহে এবং নৈমিত্তিক ছুটিজনিত অনুপস্থিতিকে কাজে অনুপস্থিতি হিসাবে গণ্য করা হয় না। শর্ত সাপেক্ষে এইরূপ ছুটি মঞ্জুর করা হয়। এই ধরনের ছুটিতে অনুপস্থিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব পালনের জন্য স্থলাভিষেকের (Substitute) ব্যবস্থা করিতে হইবে।

(ক) কোন পঞ্জিকা বৎসরে একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সর্বোচ্চ ২০ (বিশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ করিতে পারিবেন।

(খ) কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে এক সঙ্গে ১০ (দশ) দিনের বেশী নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবে না।

(গ) কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী আবেদন জানাইলে সর্বোচ্চ ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি সাপ্তাহিক অথবা অন্য কোন ছুটির দিনের পূর্বে অথবা পরে সংযুক্ত করিতে পারিবেন। কিন্তু দুইটি ছুটির মধ্যবর্তী দিনগুলিকে নৈমিত্তিক ছুটি দ্বারা সংযুক্ত করা যাইবে না। এইরূপ ক্ষেত্রে সাপ্তাহিক ছুটির দিনগুলি বা অন্য ছুটির দিনগুলিও যে কোন একদিকে নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে।

(ঘ) কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ব্যতিরেকে নৈমিত্তিক ছুটি ভোগকারী কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন না।

(ঙ) নিয়মিত ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ নৈমিত্তিক ছুটি এবং তৎসঙ্গে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করিতে পারিবেন। গুরুতর অসুস্থতা, বিশেষ করিয়া সংক্রামক ব্যাধির (যেমন- গুটি বসন্ত) ক্ষেত্রে কাজে যোগদান সম্ভব নয় বিধায় এই সকল ক্ষেত্রে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইবে না। তবে ব্যক্তিগত অসুবিধা, সামান্য অসুস্থতা (যেমন- সাধারণ জ্বর) ইত্যাদি কারণে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং এখতিয়ার বহির্ভূতভাবে কেহ ছুটি ব্যতিরেকে কর্মস্থলে উপস্থিত হইতে না পারিলে সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ ভূতাপেক্ষভাবে ছুটি মঞ্জুর করিতে পারিবে।

(চ) নৈমিত্তিক ছুটিতে থাকাকালে কেহ বিদেশে গমন করিতে পারিবেন না।

৩.৫ পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি (Leave on Full Average Pay) ঃ

(ক) শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ে স্থায়ীভাবে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি ভোগ করিতে পারিবেন।

(খ) সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী তাঁহাদের কর্মকালীন সময়ের প্রতি এগার দিনে একদিন হিসাবে (১/১১ হারে) পূর্ণগড় বেতনের ছুটি অর্জন করিবেন।

(গ) স্থায়ী পদে বিপরীতে অস্থায়ীভাবে নিয়োজিত কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ০৩ (তিন) বৎসর অস্থায়ী চাকুরী পূর্তিতে স্থায়ীভাবে নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অনুরূপ অর্জিত ছুটি ভোগ করিতে পারিবেন।

(ঘ) একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী একত্রে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি ভোগ করিতে পারিবেন। কিন্তু চিকিৎসা, শিক্ষা, ধর্মীয় সফর এবং বাংলাদেশ, ভারত, বার্মা, শ্রীলংকা ও পাকিস্তানের বাহিরে বিনোদনের নিমিত্ত ভ্রমণের জন্য সর্বোচ্চ ১৮০ (একশত আশি) দিন পর্যন্ত ছুটি মঞ্জুর করা যাইবে।

(ঙ) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিজের চিকিৎসার জন্য চিকিৎসার প্রমাণপত্র দাখিল সাপেক্ষে একসঙ্গে ০১ (এক) বৎসর পূর্ণগড় বেতনে / অর্ধগড় বেতনে (পূর্ণগড় বেতনে রূপান্তরিত করে) ছুটি ভোগ করিতে পারিবেন। তবে বিশেষ প্রয়োজনে সিন্ডিকেটের পূর্ব অনুমোদন সাপেক্ষে ইহা ০২ (দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করা যাইতে পারে।

(চ) পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি ভবিষ্যতে অগ্রায়িত হইবে ও পূণঃ সঞ্চিত হইবে এবং এই জমার ক্ষেত্রে কোন সীমা থাকিবে না। তবে যদি কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অপ্রাপ্য ছুটি (Leave not Due) ভোগ করিয়া কাজে যোগদান করেন তাহা হইলে কর্তব্যকর্ম দ্বারা অর্জিত ছুটি ভোগকৃত অপ্রাপ্য ছুটির সমন্বয় না হওয়া পর্যন্ত অর্জিত ছুটির খতিয়ানে জমা হইবে না।

৩.৬ অর্ধগড় বেতনে অর্জিত ছুটি (Leave on Half Average Pay) ঃ একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী তাহার কর্মকালীন সময়ের প্রতি ১২ (বার) দিনে একদিন হিসাবে (১/১২ হারে) অর্ধ গড় বেতনে ছুটি অর্জন করিবেন এবং উক্ত ছুটি জমার ক্ষেত্রে কোন সীমা থাকিবে না। অন্যরূপ কোন সিদ্ধান্ত না থাকিলে শুধুমাত্র চিকিৎসার ক্ষেত্রে ০২ (দুই) দিন অর্ধগড় বেতনের ছুটি ০১ (এক) দিন পূর্ণগড় বেতনের ছুটিতে রূপান্তরিত হইবে। এই ছুটি সঞ্চিত হইতে থাকিবে এবং ভোগকৃত ছুটি বাদ যাইবে। শুধুমাত্র স্থায়ীভাবে নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এইরূপ ছুটি ভোগ করিতে পারিবেন।

পূর্ণগড় ও অর্ধগড় বেতনে ছুটির ক্ষেত্রে ছুটি ভোগকৃত সময়কে ছুটি হিসাবের জন্য কার্যকাল হিসাবে ধরা হইবে না। তবে, ছুটি হিসাবের জন্য শুধু নৈমিত্তিক ও সঙ্গনিরোধ ছুটিকালকে কার্যকাল হিসাবে গণ্য করা হইবে।

৩.৭ উচ্চশিক্ষাজনিত ছুটি (Leave for Higher Studies) ঃ

(ক) বিশ্ববিদ্যালয়ে রাজস্ব খাতের নিয়মিত পদে কর্মরত কোন শিক্ষক বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর চাকুরীর মেয়াদ ০৩ (তিন) বৎসর পূর্তিতে ডেপুটেশন লাভের যোগ্য হইবেন। কোন শিক্ষকের চাকুরীর মেয়াদ ০১ (এক) বৎসর পূর্তিতে কিন্তু ০৩ (তিন) বৎসরের কম হইলে তিনি পূর্ণ গড় বেতনে (শুধুমাত্র মূল বেতন প্রাপ্যতার ভিত্তিতে) ছুটি পাইবেন। কোন শিক্ষক বৃত্তি লাভ করিলে চাকুরীর মেয়াদ ০১ (এক) বৎসর পূর্ণ না হইলেও চাকুরীর ধারাবাহিকতা অক্ষুন্ন রাখিয়া বিনা বেতনে ছুটি পাইতে পারেন।

(খ) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক এম ইঞ্জিনিয়ারিং / এমএসসি ইঞ্জিনিয়ারিং / এম ফিল / সমমানের ডিগ্রী ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বৎসর ডেপুটেশন / পূর্ণ গড় বেতনে ছুটি পাইবেন।

(গ) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক এম ইঞ্জিনিয়ারিং / এমএসসি ইঞ্জিনিয়ারিং / এম ফিল / সমমানের ডিগ্রীর জন্য সর্বোচ্চ ০২ (দুই) বৎসর ডেপুটেশন পাইতে পারেন।

(ঘ) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য সর্বোচ্চ ০৩ (তিন) বৎসর ০৬ (ছয়) মাস ডেপুটেশন / পূর্ণগড় বেতনে ছুটি পাইতে পারেন।

(ঙ) ক্রমিক নং (খ), (গ) ও (ঘ) এর ক্ষেত্রে বিশেষ প্রয়োজনে অতিরিক্ত ছুটির প্রয়োজন হইলে সিন্ডিকেটের অনুমোদনক্রমে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(চ) পোস্ট ডক্টরাল ফেলোশীপ ঃ

(i) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষকের ০৬ (ছয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ পিএইচডি ডিগ্রী থাকিলে এবং ইতোপূর্বে ভোগকৃত কোন ডেপুটেশন / শিক্ষা ছুটির বন্ডের মেয়াদ উত্তীর্ণ হইলে তিনি পোষ্ট ডক্টরাল প্রোগ্রামের জন্য তাঁহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর ডেপুটেশন পাইতে পারেন।

(ii) যে সকল শিক্ষক ইতোপূর্বে কোন ডেপুটেশন ভোগ করেন নাই, তাঁহাদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা ০৩ (তিন) বৎসর শিথিল করা যাইতে পারে।

(iii) শুধুমাত্র গবেষণার কাজে পোষ্ট ডক্টরাল প্রোগ্রামের জন্য ডেপুটেশন প্রদান করা যাইবে।

(ছ) দেশে / বিদেশে অধ্যয়নরত কোন শিক্ষক ডেপুটেশন / পূর্ণ গড় বেতনে ছুটিতে থাকাকালীন পূর্ণ সময়ের বেতন ও প্রযোজ্য ক্ষেত্রে ভাতাদি পাইবেন।

(জ) উচ্চ শিক্ষার্থে ডেপুটেশন / পূর্ণ গড় বেতনে ছুটি ভোগের জন্য শিক্ষকগণকে এই শর্তে বন্ড প্রদান করিতে হইবে যে, ডেপুটেশন / পূর্ণ গড় বেতনে ছুটি শেষে তাহারা বিশ্ববিদ্যালয়ে যোগদান করিয়া ডেপুটেশনের / পূর্ণ গড় বেতনে ছুটিরকালের সমপরিমান সময়কাল বিশ্ববিদ্যালয়ে চাকুরী করিবেন এবং উচ্চ শিক্ষার্থে বিনা বেতনে ছুটি ভোগের ক্ষেত্রে অনুমোদিত ছুটির অর্ধেক সময়কাল বিশ্ববিদ্যালয়ে চাকুরী করিবেন।

(ঝ) কোন শিক্ষক উচ্চ শিক্ষার্থে পূর্ব ভোগকৃত ডেপুটেশন / গড় বেতনে ছুটি / বিনা বেতনে ছুটির জন্য প্রদত্ত বন্ডের সময়কাল শেষ হইবার পুর্বেই পুনরায় নতুন ভাবে ডেপুটেশন / গড় বেতনে ছুটি / বিনা বেতনে ছুটি ভোগ করিতে চাহিলে তাঁহাকে পূর্ব প্রদত্ত বন্ডের অসমাপ্ত সময়কাল সহ ক্রমপুঞ্জিভূত (Cumulative) সময়কালের বন্ড প্রদান করিতে হইবে।

(ঞ) শিক্ষাছুটির ক্ষেত্রে প্রতি ০৬ (ছয়) মাস অন্তর সুপারভাইজার কর্তৃক অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করিতে হইবে। কোন শিক্ষক অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন প্রতি ০৬ (ছয়) মাস অন্তর প্রেরণ করিতে ব্যর্থ হইলে সেই ক্ষেত্রে শিক্ষাছুটি বাতিল করা যাইতে পারে। কোন শিক্ষক এমএসসি ইঞ্জি. / এম ফিল বা পিএইচডি কোর্স সম্পন্ন করার পর চাকুরীতে যোগদান করিতে ব্যর্থ হইলে অতিরিক্ত অনুপস্থিতির জন্য কোন প্রকার অর্জিত ছুটি প্রদান করা হইবে না। উক্ত অনুপস্থিতি ০৩ (তিন) মাসের অধিক হইলে তাহার বিরুদ্ধে শৃংখলাজনিত কারণে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(ট) কোন শিক্ষক মাস্টার্স প্রোগ্রাম শেষে পিএইচডি প্রোগ্রামে ভর্তির সুযোগ পাইলে প্রয়োজনীয় কাগজপত্রসহ শিক্ষাছুটি বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে মাস্টার্স ও পিএইচডি এর জন্য একত্রে কোনক্রমেই ০৫ (পাঁচ) বছরের বেশী ছুটি প্রদান করা হইবে না। পিএইচডি প্রোগ্রামের শুরুতে নতুন বন্ড প্রদানের শর্তে সিন্ডিকেট ছুটির সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(ঠ) উচ্চশিক্ষাজনিত ছুটিপ্রাপ্ত শিক্ষকগণ ক্লিয়ারেন্স শেষে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট হইতে ছাড়পত্র গ্রহণ ব্যতীত উচ্চশিক্ষাজনিত ছুটিতে গমন করিতে পারিবেন না।

(ড) যে সকল শিক্ষককে উচ্চশিক্ষাজনিত ছুটি মঞ্জুর করা হইয়াছে, তাঁহারা যদি উচ্চশিক্ষা শেষে ফেরত না আসেন তাহা হইলে প্রচলিত নিয়মে বন্ডের শর্তানুযায়ী বিশ্ববিদ্যালয়ের সমুদয় পাওনা পরিশোধ করিতে হইবে।

(ঢ) উচ্চশিক্ষাজনিত ছুটি গ্রহণকারী শিক্ষক বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমোদন ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান বা অধ্যয়নের বিষয়বস্তু পরিবর্তন করিতে পারিবেন না। এই শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সম্পূর্ণ পাওনা তাৎক্ষণিকভাবে পরিশোধের নির্দেশ দেওয়ার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করিবে।

(ণ) মঞ্জুরীকৃত উচ্চশিক্ষাজনিত ছুটি বর্ধিতকরণের আবেদনপত্র সংশ্লিষ্ট শিক্ষককে সুপারভাইজারের মাধ্যমে অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদনসহ ছুটি শেষ হইবার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে রেজিস্ট্রারের নিকট দাখিল করিতে হইবে।

(ত) উচ্চশিক্ষাজনিত ছুটিশেষে ডিগ্রী অর্জনের সনদপত্র কাজে যোগদানের কাগজপত্রাদির সঙ্গে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হইবে।

(থ) শিক্ষকগণ উচ্চশিক্ষার্থে ডেপুটেশনরত অবস্থায় ছুটি অর্জন করিবেন কিন্তু পূর্ণগড় বেতনে ছুটি বা বিনা বেতনে ছুটিকালীণ কোন ছুটি অর্জন করিবেন না।

৩.৮ শ্রান্তি ও বিনোদন ছুটি (Rest and Recreation Leave) ঃ

বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে প্রতি ০৩ (তিন) বৎসরে একবার ১৫ (পনের) দিনের জন্য শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর করা যাইবে। তিনি এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসাবে প্রাপ্য হইবেন। তবে শর্ত থাকে যে,

(ক) শ্রান্তি ও বিনোদন ছুটি প্রাপ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ছুটির খতিয়ানে কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্ণগড় বেতনে ছুটি পাওনা থাকিতে হইবে। এই ছুটি অন্য যে কোন ছুটির সহিত একত্রে গ্রহণ করা যাইবে।

(খ) যদি কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উচ্চতর পদে চলতি দায়িত্বে নিয়োজিত থাকেন, সেই ক্ষেত্রে তিনি তাঁহার নিজ পদের পূর্ণগড় বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসাবে প্রাপ্য হইবেন।

(গ) অবসরোত্তর ছুটিতে (PRL) থাকা অবস্থায় কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্য হইবেন না।

(ঘ) কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীকাল ০৩ (তিন) বৎসর পূর্ণ হইলে এই ভাতা পাইবার যোগ্য হইবেন।

(ঙ) যদি কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী শ্রান্তি ও বিনোদন ছুটির জন্য আবেদন করেন কিন্তু বিশ্ববিদ্যালয়ের স্বার্থে তাঁহাকে পরে ছুটি মঞ্জুর করা হয়, তবে তিনি আবেদনকৃত ছুটির তারিখ হইতে ০৩ (তিন) বৎসর পর পরবর্তী শ্রান্তি ও বিনোদন ভাতা পাইবার যোগ্য হইবেন।

(চ) সাধারণভাবে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী প্রাপ্যতার তারিখে মূলবেতনের ভিত্তিতে শ্রান্তি ও বিনোদন ভাতা পাইবেন। যদি কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ভুলক্রমে বা বর্ধিত আর্থিক সুবিধা পাইবার জন্য প্রাপ্যতার তারিখের পরে আবেদন করেন, তবে তৎপরবর্তী শ্রান্তি ও বিনোদন এর চক্র আবেদনকৃত নতুন ছুটির তারিখ অনুসারে স্থানান্তরিত হইবে এবং যে মাসে ছুটি মঞ্জুর হইবে ঐ মাসে ভাতা পাইবেন।

(ছ) উচ্চ শিক্ষার্থে যাহারা বিদেশে অবস্থান করেন তাঁহারা দেশে ফিরিয়া বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর আবেদন জানাইলে শ্রান্তি ও বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করা যাইবে। তবে তাহা পূর্বের প্রাপ্যতার তারিখে দেওয়া যাইবে না এবং বকেয়াও দেওয়া যাইবে না। এইক্ষেত্রে নতুন প্রাপ্যতার তারিখ হইতে ০৩ (তিন) বৎসর অতিক্রান্ত হইলে পরবর্তী শ্রান্তি ও বিনোদন ছুটি প্রাপ্য হইবেন।

(জ) শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর নির্ধারিত সময়ে ছুটি ভোগ করিতে না পারিলে সেইক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সুবিধাজনক সময়ে তাঁহাকে সর্বোচ্চ ০২ (দুই) টি শ্রান্তি ও বিনোদন ছুটি (১৫ + ১৫) = ৩০ (ত্রিশ) দিন একত্রে ভোগ করার অনুমতি প্রদান করা যাইতে পারে।

৩.৯ সাব্যাটিক্যাল ছুটি (Sabbatical Leave) ঃ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের গবেষণা কার্যক্রমের গুণগত ও বৈশিষ্ট্যগত মানোন্নয়নের ক্ষেত্রে সাব্যাটিক্যাল লীভ একটি সুযোগ হিসাবে বিবেচনা করা যাইবে। সাব্যাটিক্যাল ছুটি মঞ্জুরের শর্তসমূহ নিম্নরূপ ঃ

(ক) সাব্যাটিক্যাল ছুটি প্রকৌশল, প্রযুক্তি, বিজ্ঞান ও অন্যান্য বিষয়ে গবেষণা বা পুস্তক রচনার ক্ষেত্রে মঞ্জুর করা যাইবে। ছুটিকালীন কোন শিক্ষক প্রয়োজনে দেশে বা বিদেশে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে, গবেষণাকেন্দ্রে বা অন্য সংশ্লিষ্ট সংস্থায় গবেষণা / পুস্তক রচনায় অতিবাহিত করিতে পারিবেন। স্বাস্থ্য, বিশ্রাম অথবা অবকাশ ছুটি বৃদ্ধির জন্য এই ছুটি মঞ্জুর করা যাইবে না।

(খ) এই বিশ্ববিদ্যালয়ে একনাগাড়ে ০৬ (ছয়) বৎসর সক্রিয় চাকুরী করিবার পর বিশ্ববিদ্যালয়ে স্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকগণ অনধিক ০১ (এক) বৎসরকাল সাব্যাটিক্যাল ছুটি পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। ছুটিকালীন উক্ত শিক্ষক পুর্ণগড় বেতন ও প্রচলিত নিয়মে ভাতাদি পাইবেন।

(গ) অর্জিত ছুটিসহ বিশ্ববিদ্যালয়ের অন্য প্রকার ছুটি (যথা- উচ্চশিক্ষা, ডেপুটেশন, চিকিৎসা, অসাধারণ ছুটি) এর সহিত সাব্যাটিক্যাল লীভ যুক্ত করা যাইবে না।

(ঘ) এই ছুটিতে কোন শিক্ষক কোথাও কোন ডিগ্রী বা ডিপ্লোমা লাভের জন্য প্রার্থী হইতে পারিবেন না।

(ঙ) অগৃহীত সাব্যাটিক্যাল ছুটি জমা হইবে না।

(চ) সাব্যাটিক্যাল ছুটিতে থাকাকালীন সময়ের কাজের অগ্রগতির অর্ধবার্ষিকী (Half yearly) রিপোর্ট জমা দিতে হইবে এবং ছুটি থেকে প্রত্যাবর্তনের ০৩ (তিন) মাসের মধ্যে শিক্ষকগণকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট সাব্যাটিক্যাল ছুটিতে থাকাকালীন সময়ে নিজ গবেষণা কর্মের উপর লিখিত বিস্তারিত বিবরণী পুস্তাকারে বা রচিত পুস্তক গ্রন্থাগারে রক্ষণযোগ্য বাঁধানো অবস্থায় ০১ (এক) কপি জমা দিতে হইবে এবং যাহা সিন্ডিকেটে উপস্থাপন করিতে হইবে।

(ছ) সাব্যাটিক্যাল ছুটি হইতে ফেরত আসিবার পর একজন শিক্ষক একনাগাড়ে কমপক্ষে ০৬ (ছয়) বৎসর সক্রিয় শিক্ষকতার পর পুণরায় সাব্যাটিক্যাল ছুটি ভোগ করার যোগ্যতা অর্জন করিবেন।

(জ) বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সাব্যাটিক্যাল ছুটি মঞ্জুর সম্পর্কে সকল সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

৩.১০ দুর্ঘটনাজনিত বিশেষ ছুটি (Special Leave due to Accident) ঃ

বিশ্ববিদ্যালয়ের স্থায়ীভাবে ঝুঁকিপূর্ণ পদে কর্মরত কোন কর্মচারী তাঁহার দাপ্তরিক দায়িত্ব পালনকালে যদি আঘাতপ্রাপ্ত অথবা দুর্ঘটনায় পতিত হন, সেইক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তা / চিকিৎসা কেন্দ্র প্রধানের সুপারিশক্রমে ভাইস-চ্যান্সেলর তাঁহাকে ০৪ (চার) মাস পর্যন্ত পূর্ণগড় বেতনে এবং আরও ০৬ (ছয়) মাস পর্যন্ত অর্ধগড় বেতনে দুর্ঘটনাজনিত বিশেষ ছুটি মঞ্জুর করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, আঘাতপ্রাপ্ত কর্মচারীর দায়িত্বহীনতার কারণে উপরোক্ত দুর্ঘটনা ঘটে নাই, এইরূপ প্রমাণপত্র সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানের নিকট হইতে গ্রহণ করিয়া আবেদনপত্রের সহিত জমা দিতে হইবে। উক্ত দুর্ঘটনাজনিত বিশেষ ছুটি কার্যকাল হিসাবে গণ্য হইবে এবং উহা তাহার ছুটির হিসাব হইতে কর্তন করা হইবে না। উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালযের চাকুরী জীবনে উল্লেখিত ছুটি ০১ (এক) বৎসরের অধিক মঞ্জুর করা যাইবে না।

বিঃ দ্রঃ ঝুঁকিপূর্ণ পদে কর্মরত কর্মচারী বলিতে টেকনিশিয়ান, ল্যাব সহকারী, মেকানিক, বৈদ্যুতিক মিস্ত্রী, পয়ঃমিস্ত্রী, রাজমিস্ত্রী, প্লাম্বার, কার্পেন্টার, রংমিস্ত্রী, গ্যাসমিস্ত্রী, গাড়ীচালক এবং গাড়ীর হেলপার ইত্যাদি ধরণের কর্মচারীকে বুঝাইবে।

৩.১১ সঙ্গনিরোধ ছুটি (Quarantine Leave) ঃ

এই ছুটি, ছুটি হিসাবে গণ্য হয় না। পরিবারে সংক্রামক রোগ দেখা দিলে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য কর্তৃপক্ষ কর্তৃক আদেশ দেওয়া যাইবে। এই অনুপস্থিতকালকে সঙ্গনিরোধ ছুটি বলা হয়। প্রধান চিকিৎসা কর্মকর্তা অথবা জনস্বাস্থ্য অফিসারের সার্টিফিকেটের ভিত্তিতে কর্তৃপক্ষ একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ২১ (একুশ) দিন অথবা বিশেষ ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সঙ্গনিরোধ ছুটি মঞ্জুর করিতে পারেন। উক্ত ছুটির অতিরিক্ত কোন ছুটির প্রয়োজন হইলে উহা সাধারণ ছুটি হিসাবে গণ্য হইবে। অন্যান্য ছুটির সাথেও সঙ্গনিরোধ ছুটি মঞ্জুর করা যাইতে পারে। উক্ত ছুটির সময় সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর স্থলে অন্য কোন জনবল নিয়োগ করা যাইবে না। সঙ্গনিরোধ ছুটির সময়কে অনুপস্থিতকাল হিসাবে গণ্য করা হইবে না এবং তাঁহার বেতনও বন্ধ করা যাইবে না। নিম্নবর্ণিত রোগের ক্ষেত্রে উক্ত ছুটি ভোগ করা যাইবে ঃ

(i) গুটি বসন্ত,

(ii) কলেরা,

(iii) প্লেগ,

(iv) টাইফয়েড জ্বর,

(v) সেরিব্রাস্পাইনাল মেনিনজাইটিস,

(vi) ইয়োলো ফিভার ইত্যাদি।

৩.১২ প্রসূতি ছুটি (Maternity Leave) ঃ

(ক) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একজন মহিলা শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে মাতৃত্বজনিত কারণে ডাক্তারী সনদসহ আবেদনের প্রেক্ষিতে ০৬ (ছয়) মাস পর্যন্ত পূর্ণগড় বেতনে প্রসূতি ছুটি মঞ্জুর করিতে পারিবেন। এই ছুটি ছুটির হিসাব হইতে বিয়োগ করা যাইবে না। তবে একজন মহিলা শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী তাঁহার সমস্ত চাকুরীকালে বেতন-ভাতাসহ ০২ (দুই) বারের অধিক প্রসূতি ছুটি প্রাপ্য হইবেন না।

(খ) বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তা / চিকিৎসা কেন্দ্র প্রধানের সনদপত্রসহ আবেদন করিলে প্রসূতি ছুটির সঙ্গে অন্য কোন ছুটি মঞ্জুর করা যাইতে পারে। তবে সংশ্লিষ্ট মহিলা শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সন্তান প্রসবের তারিখের পূর্বে কমপক্ষে ০৯ (নয়) মাস এই বিশ্ববিদ্যালয়ে চাকুরী করিতে হইবে।

(গ) এই ছুটি মঞ্জুর বিবেচনার ক্ষেত্রে সদ্য প্রসূত সন্তানের লালন পালনের বিষয়টি অগ্রাধিকার পাবে।

৩.১৩ বিনাবেতনে অসাধারণ ছুটি (Extraordinary Leave without Pay) ঃ

(ক) অসাধারণ ছুটি এমন এক ধরণের ছুটি যাহাতে কোন বেতন প্রাপ্য হইবে না। উহা নিম্নবর্ণিত বিশেষ অবস্থায় মঞ্জুর করা যাইবে ঃ

(i) যখন বিধি মোতাবেক অন্য কোন প্রকার ছুটি প্রাপ্য নয়।

(ii) অন্য ছুটি প্রাপ্য হইলেও যখন সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী লিখিতভাবে এই ছুটি মঞ্জুরীর আবেদন করিবেন।

(iii) স্থায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত অন্য কেহ বিনাবেতনে অসাধারণ ছুটি ০৩ (তিন) মাসের অধিক পাইবে না। শর্ত থাকে যে, যে সমস্ত অস্থায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী দীর্ঘস্থায়ী অসুস্থতার কারণে কর্মস্থলে অনুপস্থিত আছেন তাঁহাদেরকে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তার সনদের ভিত্তিতে ০৬ (ছয়) মাস পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(vi) যক্ষারোগে আক্রান্ত অস্থায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যক্ষারোগ বিশেষজ্ঞের সনদপত্র দাখিল করিলে সেই ক্ষেত্রে ১২ (বার) মাস পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(খ) ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ অননুমোদিত অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসাবে রূপান্তর করিবার আদেশ দিতে পারিবেন।

(গ) অন্যকোন নির্দেশনা না থাকিলে বিনা বেতনে ছুটিকালীন কেহ বেতন ভাতা প্রাপ্য হইবে না।

(ঘ) বিনা বেতনে অসাধারণ ছুটিকাল পেনশনের জন্য মোট চাকুরীকাল গণনায় ধরা হইবে না এবং পেনশনের পরিমাণ নির্ণয়ের ক্ষেত্রেও কোয়ালিফায়িং সার্ভিস হিসাবে গণ্য হইবে না।

(ঙ) বিনা বেতনে অসাধারণ ছুটিকাল বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাইবে না।

৩.১৪ বিশ্ববিদ্যালয়ের বাহিরে বা বিদেশে চাকুরীর নিমিত্ত লিয়েনসহ বিনাবেতনে ছুটি (Leave without Pay / Lien for Staying Outside the University or Abroad) ঃ

(ক) স্থায়ীভাবে নিয়োজিত যে সমস্ত শিক্ষক এই বিশ্ববিদ্যালয়ে অন্ততঃপক্ষে ০৫ (পাঁচ) বৎসর একনাগারে সক্রিয়ভাবে বা ০৭ (সাত) বৎসর সক্রিয়ভাবে চাকুরী করিয়াছেন শুধুমাত্র তাঁহারাই দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে বিনা বেতনে ছুটি (লিয়েন) পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(খ) সংশ্লিষ্ট বিভাগের মোট শিক্ষক সংখ্যার সর্বোচ্চ ১৫% (শতকরা ১৫ ভাগ) শিক্ষককে জ্যেষ্ঠতার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের বাহিরে চাকুরী করিবার জন্য বিনা বেতনে ছুটি (লিয়েন) প্রদান করা যাইতে পারে।

(গ) বিশ্ববিদ্যালয়ের চাকুরী জীবনে কোন শিক্ষক বিনা বেতনে ছুটিতে (লিয়েন) সর্বমোট ০৫ (পাঁচ) বৎসর ছুটি ভোগ করিতে পারিবেন। তবে এককালীন ০৩ (তিন) বৎসরের বেশী এই ছুটি প্রদান করা যাইবে না।

(ঘ) কোন শিক্ষক এক নাগাড়ে সর্বোচ্চ ০৩ (তিন) বছর বিনা বেতনে ছুটি (লিয়েন) ভোগের পর বিশ্ববিদ্যালয়ে যোগদান করিবেন এবং তাঁর প্রাপ্য এই প্রকার ছুটির অবশিষ্টাংশের জন্য পুণরায় আবেদন করিতে পারিবেন।

(ঙ) সাব্যাটিক্যাল ছুটির অনুবৃত্তিক্রমে বিনা বেতনে ছুটি (লিয়েন) ভোগ করা যাইবে না।

(চ) বিনা বেতনে ছুটিতে (লিয়েন) থাকাকালীন একজন শিক্ষক নিম্নবর্ণিত শর্তে বিশ্ববিদ্যালয়ের আবাসিক বাসা নিজ নামে বরাদ্দ রাখিতে পারিবেন ঃ

(i) সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী ভাড়া প্রদান করিবেন।

(ii) বিদ্যুৎ ও টেলিফোন ব্যবহারের জন্য প্রকৃত ব্যয়ের অর্থ প্রতিমাসে বিশ্ববিদ্যালয়ে জমা প্রদান করিবেন।

(ছ) একজন শিক্ষক যে চাকুরীতে যোগদান করিতে ইচ্ছুক প্রশাসন মনে করিলে তাহার অনুমতি প্রদানের বিষয়টি সিন্ডিকেটে উপস্থাপন করিতে পারিবেন।

(জ) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক এই ছুটি দুই বা ততোধিক কিস্তিতে ভোগ করিতে পারিবেন।

(ঝ) কোন অবস্থাতেই এই বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষককে তাঁহার সক্রিয় চাকুরী কালের অর্ধেক সময়ের বেশী বিনা বেতনে অসাধারন ছুটি প্রদান করা যাইবে না। তবে সক্রিয় চাকুরীকাল ১০ (দশ) বৎসর বা তাহার অধিক হইলে ক্রমিক ৩.১৪(ঘ) প্রযোজ্য হইবে। সেইক্ষেত্রে বন্ড অনুযায়ী শর্ত পূর্ণ না করা পর্যন্ত বিনা বেতনে ছুটি (লিয়েন) মঞ্জুর করিবার বিষয় বিবেচনা করা যাইবে না।

(ঞ) বিনা বেতনে ছুটির (লিয়েন) মেয়াদ শেষ হইবার পর কোন শিক্ষক তাঁহার চাকুরীতে ফেরত না আসিলে তাঁহার বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(ট) (i) কোন শিক্ষক বিনা বেতনে ছুটিতে (লিয়েন) অত্র বিশ্ববিদ্যালয়ের বাহিরে থাকাকালে বেতন-ভাতাদি পাইবেন না। তবে যোগদানের পর বার্ষিক ইনক্রিমেন্ট যোগ করিয়া বেতন নির্ধারণ সুবিধা প্রাপ্য হইবেন এবং এই প্রকার ছুটি 'ছুটি হিসাব' হইতে বিয়োগ হইবে না। এই ছুটিকাল পেনশনের জন্য মোট চাকুরীকাল গণনায় / চাকুরীর ধারাবাহিকতা রক্ষায় ধরা হইবে, তবে এই ক্ষেত্রে তাঁহাকে বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ আহরিত মূলবেতনের ১০% (শতকরা দশ) হারে পেনশন কন্ট্রিবিউশন বাবদ অর্থ জমা দিতে হইবে।

(ii) তাঁহাকে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভবিষ্য তহবিল / যৌথবীমা / কল্যাণ তহবিলে নির্দিষ্ট পরিমাণ অর্থ (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদান করিতে হইবে।

(ঠ) বিনা বেতনে ছুটি (লিয়েন) ভোগ করিবার কারণে জ্যেষ্ঠতার তালিকায় তাঁহার অবস্থানের কোন পরিবর্তন হইবে না।

(ড) যদি বাংলাদেশ সরকার বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষককে দেশের বৃহত্তর স্বার্থে কোন কাজে নিয়োগ করিতে চান তবে উপরোক্ত বিনা বেতনে ছুটির (লিয়েন) মেয়াদের শর্তাদি সিন্ডিকেট শিথিল করিতে পারিবেন। বিনা বেতনে ছুটির (লিয়েন) মেয়াদ শেষ হইবার পরে তিনি বিশ্ববিদ্যালয়ে তাঁহার পূর্ব পদে ফিরিয়া আসিবেন।

(ঢ) লিয়েনকালীন কেহ অর্জিত ছুটি অর্জন করিতে চাহিলে তাহাকে সর্বশেষ আহরিত বেতনের ১২.৫% (শতকরা সাড়ে বার) লীভ স্যালারী কন্ট্রিবিউশন জমা দিতে হইবে।

৩.১৫ অপ্রাপ্য ছুটি (Leave Not Due) ঃ

(ক) অবসর উত্তর (PRL) ছুটি ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তার সনদপত্রসহ আবেদন করিলে ভবিষ্যতে সমন্বয়ের শর্তে কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে তাঁহার সমস্ত চাকুরীকালে অর্ধগড় বেতনে মোট ০১ (এক) বৎসর পর্যন্ত এবং বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তার সনদপত্র ব্যতীত সমস্ত চাকুরীকালে ০৬ (ছয়) মাস পর্যন্ত অপ্রাপ্য ছুটি মঞ্জুর করা যাইবে।

(খ) অপ্রাপ্য ছুটি হইতে ফেরত আসিবার পর এই ছুটি সমন্বয় না হওয়া পর্যন্ত উক্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ছুটির হিসাবে কোন ছুটি জমা হইবে না।

(গ) কর্তৃপক্ষ যে পরিমাণ অপ্রাপ্য ছুটি কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর জন্য সমন্বয়যোগ্য বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবেন সেই পরিমাণ ছুটি মঞ্জুর করা যাইবে।

(ঘ) অস্থায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে এই ছুটি প্রযোজ্য নহে।

৩.১৬ অক্ষমতাজনিত বিশেষ ছুটি (Special Leave Due to Disability) ঃ একজন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সুষ্ঠুভাবে দায়িত্ব পালনকালে আহত হইয়া অথবা আঘাতপ্রাপ্ত হইয়া দায়িত্ব পালনে অক্ষম হইলে তাঁহাকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অক্ষমতাজনিত বিশেষ ছুটি প্রদান করা যাইবে ঃ

(ক) দূর্ঘটনার ০৩ (তিন) মাসের মধ্যে এই অক্ষমতা দেখা দিতে হইবে এবং সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যথাশীঘ্র সম্ভব তাহা কর্তৃপক্ষের নজরে আনিবেন। তবে সিন্ডিকেট পরিতুষ্ট হইলে দূর্ঘটনার ০৩ (তিন) মাসের অধিক সময় পরেও এই অক্ষমতা দেখা দিলে এই প্রকার ছুটি মঞ্জুর করা যাইবে।

(খ) এই প্রকার ছুটির মেয়াদ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বারা গঠিত মেডিক্যাল বোর্ডের সার্টিফিকেটের ভিত্তিতে হইবে এবং মেডিক্যাল বোর্ডের সার্টিফিকেট ব্যতীত এই প্রকার ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে না এবং একই দূর্ঘটনায় সর্বাধিক ২৪ (চব্বিশ) মাসের অধিক এই প্রকার ছুটি প্রদান করা যাইবে না।

(গ) অন্য প্রকার ছুটির সহিত একত্রে এই প্রকার ছুটি প্রদান করা যাইবে।

(ঘ) এই প্রকার ছুটি একই ঘটনায় একাধিকবার প্রদান করা যাইবে, যদি পরবর্তী পর্যায়ে অক্ষমতা পুনরায় দেখা দেয়। তবে একই ঘটনায় ছুটির মেয়াদ ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।

(ঙ) পেনশনের জন্য চাকুরীকাল গণনায় এই প্রকার ছুটিকে কর্মরত হিসাবে গণ্য করা হয় এবং এই প্রকার ছুটি 'ছুটি হিসাব' হইতে বিয়োগ হয় না।

(চ) এই প্রকার ছুটিকালীন প্রথম ০৪ (চার) মাস পূর্ণগড় এবং বাকী সময় অর্ধগড় বেতনে বেতন প্রাপ্য হইবেন।

৩.১৭ বাধ্যতামূলক ছুটি (Forced Leave) ঃ বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ও আপীল বিধিমালার আওতায় সিন্ডিকেটের অনুমোদনপূর্বক ভাইস-চ্যান্সেলর মহোদয় কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ছুটিতে যাইবার নির্দেশ দিতে পারিবেন। এই ক্ষেত্রে উক্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর জন্য ছুটিভোগ বাধ্যতামূলক হইবে। তবে ছুটিপ্রাপ্ত কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যদি অপসারিত, নিম্নপদে পদাবনত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত না হইয়া পূর্বপদে / সমমর্যাদাসম্পন্ন পদে বহাল থাকেন তাহা হইলে উক্ত ছুটিকাল সংশ্লিষ্ট ব্যক্তির জন্য পূর্ণগড় বেতনে কর্মকাল বলিয়া বিবেচিত হইবে।

৩.১৮ অবসরোত্তর ছুটি (Post Retirement Leave or PRL) ঃ

(ক) বিশ্বদ্যিালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অবসরোত্তর ছুটি (PRL) এ যাইতে চাহিলে তিনি ছুটি জমা থাকা সাপেক্ষে ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে অবসরোত্তর ছুটি (PRL) ছুটিভোগ করিতে পারিবেন।

(খ) বিশ্বদ্যিালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবসরোত্তর ছুটি (PRL) ছুটি ভোগের পরে যদি আরও অর্জিত ছুটি পাওনা থাকে তবে সেইক্ষেত্রে সর্বোচ্চ ১৮ (আঠার) মাস পর্যন্ত ছুটির জন্য মুল বেতনের অর্থ প্রাপ্য হইবেন। অবসরোত্তর ছুটি (PRL) শুরু হইবার পূর্বে যে বেতন ছিল সেই বেতনের হারে অর্থ প্রাপ্য হইবেন।

(গ) এই ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটির জন্য প্রাপ্য টাকা অবসরোত্তর ছুটি (PRL) শুরু হইবার সঙ্গে সঙ্গে প্রদান করা যাইবে।

(ঘ) কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে তাঁহার আইনসম্মত উত্তরাধিকারীগণ নিয়মানুযায়ী বিক্রয়যোগ্য অর্জিত ছুটির বিপরীতে আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন।

(ঙ) ছুটি নগদায়নের ক্ষেত্রে অর্ধগড় বেতনকে পূর্ণগড় বেতনে রূপান্তরপূর্বক আর্থিক সুবিধা ভোগ করিতে পারিবেন। ছুটি নগদায়নের পর কাহারো পূর্ণগড় বেতনে ছুটি জমা না থাকিলে তিনি ইচ্ছা করিলে অর্ধগড় বেতনে অবসরোত্তর ছুটি (PRL) ভোগ করিতে পারিবেন।

৩.১৯ সাধারণ ও বিশ্ববিদ্যালয় ঘোষিত ছুটি (Public Holidays or University Declared Holidays) ঃ

বিশ্বদ্যিালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী বিশ্বদ্যিালয়ের সাপ্তাহিক ছুটি, সরকার ঘোষিত ও নির্বাহী আদেশে ছুটিসমূহ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষিত ছুটি ভোগ করিতে পারিবেন। এতদ্‌ব্যতীত বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় নির্বাহী আদেশে প্রয়োজনবোধে সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত ছুটির অতিরিক্ত প্রতি পঞ্জিকা বৎসরে সর্বোচ্চ ০৩ (তিন) দিন ছুটি ঘোষণা করিতে পারিবেন। তবে নিরাপত্তা, চিকিৎসা, যানবাহন, পানি ও বিদ্যুৎ সরবরাহ প্রভৃতি জরুরী বিভাগের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থাধীনে ছুটি ভোগের সুযোগ পাইতে পারেন।

এই বিধিমালায় বিধৃত হয় নাই এইরূপ কোন ছুটির ব্যাপারে সিন্ডিকেট সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।